তারিখ ... 26 MAR 2017
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

সংবাদ

### উপবৃত্তি ও উন্নয়নের টাকা আত্মসাৎ

# হিজলা শিক্ষা কর্মকর্তাসহ দুই শিক্ষকের বিরুদ্ধে মামলা

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বিদ্যালয়ের উপবৃত্তি ও উন্নয়ন বরাদ্দের টাকা আত্মসাতের অভিযোগে হিজলা উপজেলা শিক্ষা কর্মকর্তাসহ ২ শিক্ষকের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে। হিজলার ইন্দুরিয়া গ্রামের বাসিন্দা আবদুল মান্নান আকন গত বৃহস্পতিবার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এই মামলা দায়ের করেন। বিচারক মো. ফারুক হোসাইন অভিযোগ তদন্তের জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে নির্দেশ দিয়েছেন। মামলায় অভিযুক্তরা হলেন হিজলা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুনীল চন্দ্র দেবনাথ, পশ্চিম ইন্দুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু তাহের মো. ফারুক এবং সহকারী শিক্ষক আয়েশা বেগম। আবদুল মান্নানের পক্ষে মামলা দায়েরকারী আইনজীবী আজাদ রহমান জানান, ইন্দুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অতিরিক্ত ভুয়া শিক্ষার্থী দখিয়ে উপবৃত্তির টাকা আত্মসাত করা হচ্ছে। এছাড়া ২০১৫-২০১৬ অর্থবছরে বিদ্যালয়ের উন্নয়নে নগদ ৫০ হাজার টাকা এবং ১৫ টন টিআর অনুদান দেয়া হয়। কিন্তু বিদ্যালয়ের কোন উন্নয়ন না করা হয়নি। অভিযুক্ত উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে যোগাসাজস করে প্রধান শিক্ষক আবু তাহের মো: ফারুক ও সহকারী শিক্ষক আয়েশা বেগম উন্নয়ন বরাদ্দ ও উপবৃত্তির টাকা আত্মসাৎ করেছেন।